

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
তারাকান্দা, ময়মনসিংহ।

কৃষি ও সেচ বিষয়ক উপজেলা কমিটির কার্যবিবরণী

সভাপতি : জনাব সালমা আক্তার কাকন, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাকান্দা, ময়মনসিংহ।

সভার স্থান : মহিলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ, উপজেলা পরিষদ, তারাকান্দা, ময়মনসিংহ।

সভার তারিখ : ২৪/০৯/২০২১ খ্রিঃ,

সময় : দুপুর ১২.০০ ঘটিকায়।

সভায় উপস্থিত সদস্যবুন্দের তালিকা : পরিশিষ্ট-'ক'

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপর উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব কে গফরগাঁও উপজেলায় কৃষি ও সেচ কার্যক্রমের উপর গুরুত্বারোপ করেন।

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত |
|---------|---|---|
| ১ | <p>উপজেলা কৃষি অফিসার অদ্যকার সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে জানান যে, গফরগাঁও উপজেলা কৃষি বিভাগের কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে চলমান রয়েছে। তিনি আরো জানান যে, অত্র কৃষি অফিসের অনুকূল ডিসেম্বর/২০২১ মাসে ৮৩৪ মেটন ইউরিয়া সারের বরাদ্দ পাওয়া গিয়াছে। এ বছর বোরো আবাদের লক্ষ্যমূল্যা ২০৬৯০ পাওয়া গেছে। সরকার হতে ডিএপি সারের মূল্য প্রতি কেজি ২৫/- টাকা থেকে কমিয়ে ১৬/- টাকা করার মৌখিক সিদ্ধান্ত জানা গেছে, তবে তা মাঝ পর্যায়ে এখনও বাস্তবায়ন হয়নি।</p> <p>তিনি আরও জানান যে, গ্রাম গঞ্জে অনেক আলু উৎপাদিত হয়েছে তা সংরক্ষণ করতে হবে এ ব্যাপারে তিনি দ্রুত সময়ের ক্ষককে দ্রুত পরামর্শ দিয়ে সাহায্য করার জন্য প্রস্তাব করেন।</p> | <p>১. গৃহীত কর্মসূচির সফল বাস্তবায়ন করতে হবে।</p> <p>২. ডিলারদের মাধ্যমে বিধি মোতাবেক নির্দিষ্ট সময়ে সার উত্তোলন এবং মূল্যের বিষয়টি নিশ্চিতকরণের জন্য অনুরোধ করা হলো।</p> <p>৩. সভাপতি এক্সিম/কৃষি পণ্যের বাজার যাতে নিয়মিত চালু থাকে সেজনে উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক নিয়মিত মনিটারিং করার জন্য পরামর্শ প্রদান করেন।</p> <p>৪. প্রত্যেক সারের দোকানে বাধ্যতামূলক ভাবে মূল্য তালিকা টানানোর জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>৫. সভায় বিস্তারিত আলোচনার পর সারের কৃত্রিম সংকট রোধ করার জন্য বিশেষ ভাবে নজরদারি বৃদ্ধি করার জন্য তিনি সভায় প্রস্তাব করেন।</p> <p>সভায় বিস্তারিত আলোচনাতে কৃষি ও কৃষক এই দুয়ের মধ্যে সমন্বয় সাধনের মাধ্যমে এর বিস্তার বাঢ়ানোর ব্যাপারে সভায় সিদ্ধান্ত হয়।</p> |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।


(সালমা আক্তার কাকন)
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, তারাকান্দা।

স্মারক নং-কৃষি ও সেচ/তারা/২০২১-

তারিখ: ২৪/০৯/২০২১ খ্রিঃ

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- উপ-পরিচালক স্থানীয় সরকার, ময়মনসিংহ।
- চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাকান্দা, ময়মনসিংহ।
- উপজেলা নিবাহী অফিসার, তারাকান্দা, ময়মনসিংহ।
- চেয়ারম্যান.....ইউপি, তারাকান্দা, ময়মনসিংহ।


উপজেলা কৃষি অফিসার
তারাকান্দা, ময়মনসিংহ।